

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
বাংলাদেশ রেলওয়ে  
সংস্থাপন- ২ শাখা  
রেলভবন, ঢাকা।

নং- ৫৪.০১.০০০০.০০৫.২৮.০০১.১৬-১৮২

তারিখঃ ১৫ নভেম্বর, ২০১৭ খ্রিঃ।

অফিস স্মারক

রেলপথ বিভাগের অফিস স্মারক নং ই-২/পাশ-৪/৮৯-২৪৩ তারিখ ২৭.০৬.১৯৮৯, স্মারক নং ই-২/পাশ-৪/৮৯-৫৩ তারিখ ২৩.০২.১৯৯১, স্মারক নং ই-২/পাশ-১০/৮৭-৮৭ তারিখ ১৩.০৪.১৯৯৯, স্মারক নং ই-২/পাশ-৪/৮৯-২৩৮ তারিখ ৩১.১০.২০০১ এবং তৎপরবর্তী সংশোধনীসমূহের অনুবৃত্তিক্রমে বাংলাদেশ রেলওয়ের পাশ বিধিমালায় নিম্নরূপ সংশোধনী আদেশ জারি করা হলো।

১. পাশ প্রাপ্যতার শ্রেণিবিভাগ :

ক- শ্রেণিঃ মূলবেতন নির্বিশেষে ৯ম গ্রেড এবং তদুর্ধ্ব গ্রেডের সকল কর্মচারী এবং ১০ম গ্রেডের যে সকল সরকারি কর্মচারীর মূলবেতন ৭ম গ্রেডের প্রারম্ভিক ধাপের সমান বা তদুর্ধ্ব।

খ- শ্রেণিঃ ৭ম গ্রেডের প্রারম্ভিক ধাপের নিম্নে মূলবেতন গ্রহণকারী ১০ম গ্রেডের সকল সরকারি কর্মচারী এবং ১১ নং হতে ১৬ নং গ্রেডের কর্মচারী যাদের মাসিক মূলবেতন ১০ম গ্রেডের প্রারম্ভিক ধাপের সমান বা তদুর্ধ্ব।

গ- শ্রেণি : খ- শ্রেণিভুক্ত ব্যতিত ১১ হতে ১৬ নং গ্রেডের সকল সরকারি কর্মচারী।

ঘ- শ্রেণি : ১৭ নং গ্রেড হতে ২০ নং গ্রেড পর্যন্ত সকল সরকারি কর্মচারী।

২. (ক) সাধারণ (মেইল/লোকাল) ট্রেনের ক্ষেত্রে পাশের প্রাপ্যতাই নিম্নরূপ নির্ধারণ করা হলো :

শ্রেণি	কর্তব্য পাশ	বিশেষাধিকার পাশ
ক শ্রেণি	প্রথম শ্রেণির তাপানুকুল	প্রথম শ্রেণির তাপানুকুল
খ শ্রেণি	প্রথম শ্রেণির তাপানুকুল	প্রথম শ্রেণি
গ শ্রেণি	প্রথম শ্রেণি	২য় শ্রেণি
ঘ শ্রেণি	২য় শ্রেণি	২য় শ্রেণি

২. (খ) যারা ইতঃপূর্বে উচ্চ শ্রেণির প্রাধিকার ভোগ করতেন তাদের জন্য ঐ শ্রেণির প্রাধিকার বহাল থাকবে।

৩. আন্তঃনগর ট্রেনের ক্ষেত্রে পাশের প্রাপ্যতা নিম্নরূপ নির্ধারণ করা হলো :

শ্রেণি	কর্তব্য	বিশেষাধিকার
ক (৩য় গ্রেড হতে তদুর্ধ্ব)	প্রথম শ্রেণি তাপানুকুল	প্রথম শ্রেণি তাপানুকুল
ক (৫ম গ্রেড হতে ৪র্থ গ্রেড)	প্রথম শ্রেণি তাপানুকুল	স্নিগ্ধা
ক (৬ষ্ঠ হতে ৯ম গ্রেড এবং ১০ম গ্রেডের যে সকল কর্মচারীর মূল বেতন ৭ম গ্রেডের প্রারম্ভিক ধাপের সমান)	স্নিগ্ধা	প্রথম শ্রেণি
খ শ্রেণি	প্রথম শ্রেণি	শোভন চেয়ার
গ শ্রেণি	শোভন চেয়ার	শোভন
ঘ শ্রেণি	শোভন	সর্বনিম্ন শ্রেণি

৪.(ক) যে সকল আন্তঃনগর ট্রেনে প্রথম (অতাপানুকুল) শ্রেণি নেই সে সকল ট্রেনে প্রথম শ্রেণির পরিবর্তে স্নিগ্ধা শ্রেণি প্রাপ্য হবেন।

৪.(খ) যে ট্রেনে ভ্রমণ করা হবে সে ট্রেনে প্রাধিকার প্রাপ্ত শ্রেণি না থাকলে একধাপ উচ্চ শ্রেণির প্রাধিকার বহাল থাকবে।

৫. সুবিধাপাশ প্রাপ্যতাদারীদের চাকুরির মেয়াদ অনুযায়ী মোট পাশ প্রাপ্যতার হারে যে কয় সেট সুবিধাপাশ প্রাপ্য হন তার ১০০% আন্তঃনগর/সাধারণ (মেইল/লোকাল) ট্রেনে ভ্রমণের ক্ষেত্রে বিশেষাধিকার পাশের সুবিধা প্রাপ্য হবেন।

৬. সাধারণ ট্রেনের ন্যায় আন্তঃনগর ট্রেনেও CTO এর সুবিধা বিদ্যমান থাকবে।

৭. পাশ বিধিমালার অন্যান্য অনুচ্ছেদ/উপানুচ্ছেদ অপরিবর্তিত থাকবে।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আদেশক্রমে



১৫.১১.১৭

(শাহ আলম)

উপ-পরিচালক/ই-২

রেলভবন, ঢাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ২। অতিঃ মহাপরিচালক (অপারেশন, অবকাঠামো, আরএস, এমএন্ডসিপি ও অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৩। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
- ৪। মহাব্যবস্থাপক (আখাউড়া-লাকসাম ডাবল লাইন নির্মাণ প্রকল্প), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৫। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন, প্রকৌশল, মেকানিক্যাল ও অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৬। প্রধান বাণিজ্যিক কর্মকর্তা (পূর্ব, ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
- ৭। সিএসটিই (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৮। রেক্টর/আরটিএ, হালিশহর, চট্টগ্রাম।
- ৯। সিসিএস/পাহাড়তলী, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
- ১০। সিপিএলও, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ১১। জিআইবিআর, ঢাকা।
- ১২। এফএএন্ডসিএও (পূর্ব ও পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
- ১৩। প্রকল্প পরিচালক (পদ্মা রেল সংযোগ প্রকল্প, বঙ্গবন্ধু রেলওয়ে সেতু নির্মাণ প্রকল্প, দোহাজারী - কক্সবাজার রেললাইন নির্মাণ প্রকল্প), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ১৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ রেলওয়ে (কর্মচারী) কল্যাণ ট্রাস্ট, ফুলবাড়ীয়া, ঢাকা।
- ১৫। প্রধান সংস্থাপন কর্মকর্তা (পূর্ব ও পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
- ১৬। পরিচালক (সংস্থাপন, পরিবহণ, প্রকৌশল, মেকানিক্যাল ও অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ১৭। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ঢাকা, চট্টগ্রাম, পাকশী ও লালমনিরহাট), বাংলাদেশ রেলওয়ে।
- ১৮। বিভাগীয় তত্ত্বাবধায়ক (কারখানা), বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী ও সৈয়দপুর।
- ১৯। পরিচালক/রেলওয়ে অডিট, বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম।
- ২০। প্রধান নির্বাহী, কেন্দ্রীয় লোকোমোটিভ কারখানা, বাংলাদেশ রেলওয়ে, পার্বতীপুর।
- ২১। কর্মব্যবস্থাপক/ডিজেল, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা ও চট্টগ্রাম।
- ২২। ডিসিও (ঢাকা, চট্টগ্রাম ও পাকশী) এবং ডিটিএস (লালমনিরহাট), বাংলাদেশ রেলওয়ে।
- ২৩। ডিপিও (ঢাকা, চট্টগ্রাম, পাকশী ও লালমনিরহাট), বাংলাদেশ রেলওয়ে।
- ২৪। উপ-পরিচালক (প্রশাসন, ই-১, ই-২ ও ই-৩), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ২৫। পরিচালক/জনসংযোগ, রেলভবন, ঢাকা বাংলাদেশ রেলওয়ে গেজেটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।